

বিনামূল্যে কম্পিউটার বিতরণের সরকারী কর্মসূচী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে সরকার প্রায় ২৫,০০০ কম্পিউটার বিনামূল্যে প্রদান করার এক কর্মসূচী গ্রহণ করেছেন। কয়েকটি সরকারী মাধ্যমিক স্কুলে কম্পিউটার বিতরণকালে মন্ত্রী একথা বলেন। দেশে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য তথ্যপ্রযুক্তি শিক্ষা অর্জন এবং তা মানসম্মতভাবে শেখার উপর মন্ত্রী গুরুত্ব আরোপ করেন। প্রফেসর আবদুর রশিদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শিক্ষাসচিব মোহাম্মদ শহীদুল আলম, যুগ্মসচিব মোহাম্মদ আমিরুল ইসলাম এবং প্রকল্প পরিচালক ডঃ আবতारी খানম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।